



পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

জনসংযোগ দপ্তর

ফোন : ০৭৩১-৬৪৯৮১
ফ্যাক্স: ০৭৩১-৬৫১৩৪

প্রেস রিলিজ

তারিখ : ১৭/০৩/২০১৯

বঙ্গবন্ধুর জন্মদিন ও জাতীয় শিশু দিবস উদযাপন পাবিপ্রবিতে

(১৭-০৩-২০১৯): আজ ১৭ মার্চ, স্বাধীন বাংলাদেশের স্থপতি হাজার বছরের শ্রেষ্ঠ বাঙালি, জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৯৯ তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস। আজ বাঙালি জাতির জীবনের এক আনন্দের দিন। বাঙালির এই মহানায়কের জন্মদিন উৎসবমুখর ও যথাযথ মর্যাদায় উদযাপন করলো পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।



জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ঐর ৯৯ তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস উপলক্ষে পাবিপ্রবিতে আনন্দ শোভাযাত্রা

সকালে প্রশাসনিক ভবন থেকে আনন্দ শোভাযাত্রা বের হয়। শোভাযাত্রা ক্যাম্পাস প্রদক্ষিণ শেষে বঙ্গবন্ধু হলে গিয়ে শেষ হয়। সেখানে জাতির জনকের মুরালে বিশ্ববিদ্যালয় প্রশাসনের পক্ষ থেকে ফুল দিয়ে শ্রদ্ধার্ঘ্য অর্পণ করেন মাননীয় উপাচার্য প্রফেসর ড. এম রোস্তুম আলী ও কোষাধ্যক্ষ প্রফেসর ড. আনোয়ার খসরু পারভেজ। এছাড়া শিক্ষক সমিতি, বঙ্গবন্ধু পরিষদ, জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান হল কর্তৃপক্ষ, শেখ হাসিনা হল কর্তৃপক্ষ, বিজনেস স্টাডিজ অনুষদ, অফিসার্স এসোসিয়েশন, কর্মচারী পরিষদ, বিভিন্ন বিভাগসহ বিভিন্ন রাজনৈতিক, সামাজিক ও সাংস্কৃতিক সংগঠন ফুল দিয়ে শ্রদ্ধা জানায়। এরপর জাতির জনকের বিদেহী আত্মার মাগফেরাত কামনায় মোনাজাত করা হয়। শ্রদ্ধা শেষে স্বাধীনতা চত্বরে জাতির জনকের জন্মবার্ষিকীর কেক কাটা হয়।

এদিকে জাতির জনকের জন্মবার্ষিকী উদযাপন পরিষদের আহবায়ক মোঃ সাইফুল ইসলামের সভাপতিত্বে গ্যালারী -২ এ আলোচনা সভায় প্রধান বক্তা হিসেবে উপাচার্য প্রফেসর ড. এম রোস্তুম আলী বলেন, বঙ্গবন্ধু বাঙালির আবেগকে একত্রিত করে এক মন এক দেশে পরিণত করে নেতৃত্ব দিয়েছিলেন। পৃথিবীর ইতিহাসে শ্রেষ্ঠ নেতৃত্বের গুণের কারণে বাঙালি তাঁর আহবানে স্বাধীনতা যুদ্ধে ঝাপিয়ে পড়েছিলেন। তিনি জন্ম না নিলে বাংলাদেশ সৃষ্টি হতো না। তিনি ছিলেন রাজনীতির মহাকবি। কেবল তিনিই স্বাধীন বাংলাদেশের এবং শোষণহীন সমাজের স্বপ্ন দেখেছিলেন।



পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

জনসংযোগ দপ্তর

ফোন : ০৭৩১-৬৪৯৮১
ফ্যাক্স: ০৭৩১-৬৫১৩৪

ছোটকাল থেকেই তার মধ্যে নেতৃত্বের গুণাবলী বিরাজমান ছিল। তিনি ছড়িয়ে আছেন সারা বাংলাদেশে। তার সোনার বাংলা গড়ার জন্য সবাইকে একযোগে কাজ করতে হবে। জননেত্রী শেখ হাসিনার হাতকে শক্তিশালী করতে হবে। বিশেষ অতিথি কোষাধ্যক্ষ প্রফেসর ড. মোঃ আনোয়ার খসরু পারভেজ বলেন, বঙ্গবন্ধুর আদর্শকে ধারণ করে দেশ গঠনে সবাইকে ঐক্যবদ্ধ হতে হবে। বিশ্ববিদ্যালয়কে গড়ে তুলতে হবে। তবেই বঙ্গবন্ধুর সোনার বাংলা গড়ে উঠবে। জন্মবার্ষিকী উদযাপন পরিষদের সদস্য সচিব মোঃ ফারুক হোসেন চৌধুরীর সঞ্চালনায় আলোচনা সভায় আরো বক্তব্য দেন, শিক্ষক সমিতির সভাপতি আওয়াল কবির জয়, বঙ্গবন্ধু পরিষদের আহবায়ক ড. মোঃ হাবিবুল্লাহ, অতিরিক্ত রেজিস্ট্রার বিজন কুমার বস্ক, জীব ও ভূ-বিজ্ঞান অনুষদের ডিন ড. খায়রুল আলম, ছাত্র উপদেষ্টা মুহম্মদ আরিফ ওবায়দুল্লাহ, অফিসার্স এসোসিয়েশন এর সভাপতি মোঃ রফিকুল ইসলাম, ছাত্রলীগের সভাপতি মাহমুদ চৌধুরী আসিফ ও সাধারণ সম্পাদক ফরিদুল ইসলাম বাবু প্রমুখ। এদিকে শ্রদ্ধাঞ্জলি অর্পণ শেষে উপাচার্য মহোদয় বঙ্গবন্ধু হলের ছাত্রদের ডাইনিং রুমের উদ্বোধন করেন।

ধন্যবাদান্তে

আপনার বিশ্বস্ত

১৭/০৩/২০১৯

(মোঃ ফারুক হোসেন চৌধুরী)

সহকারী পরিচালক (জনসংযোগ দপ্তর)

পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

পাবনা।

মোবাইলঃ ০১৭১১-৯৪২২১২